# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ বিজ্ঞানের ছাত্রী সাদিয়ার ইতিহাস জানার আগ্রহ প্রচণ্ড। সে মাঝে মাঝেই লাইব্রেরি থেকে ইতিহাসের বই নিয়ে পড়ে। প্রাচীন সভ্যতা, বিশ্বযুদ্ধ সম্বন্ধে জানতে সে প্রচণ্ড আগ্রহী কিন্তু তার প্রকৌশলী বাবা তাকে ইতিহাস পাঠে নিরুৎসাহিত করে বলেন, 'এই সব বই পড়লে কেবল সময় নষ্ট হয়, পরীক্ষায় ভালো ফলাফল করা যায় না।'

ক. উয়ারী-বটেশ্বরে প্রাপ্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শনে বাংলাদেশে কত বছর পূর্বের নগর সভ্যতার অস্তিত্ব প্রমাণিত হয়? ১

খ. ইতিহাসের পরিসর বিস্তৃতির কারণ কী? ২

গ. ইতিহাস জানতে সাদিয়া ইতিহাসের কোন উপাদানের সহায়তা নিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি সাদিয়ার বাবার মতামতকে সমর্থন করো? যুক্তি দাও। ৪

২.▶ রহিম যে দেশে বসবাস করে সে দেশে বর্ণ, শ্রেণি, কৌম, জনপদ ইত্যাদির বিভিন্নতার সঙ্গে সঙ্গে ধর্মকর্মে বিভিন্নতা দেখা যায়। ঐ দেশে গ্রামগঞ্জে মানুষের মধ্যে প্রচলিত বৃক্ষপূজা, পূজা-পার্বণে আম্রপল্লব, ধানছড়া, দুর্বা, কলা, পান-সুপারি, নারকেল, সিঁদুর প্রভৃতির ব্যবহার দেখা যায়। ঐ দেশে আরও নানা রকমের পূজা প্রচলিত রয়েছে।

ক. ময়নামতি কোন জেলায় অবস্থিত? ১

খ. প্রাচীন বাংলার যাতায়াত ব্যবস্থার বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে যে ধর্মীয় অবস্থার প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, প্রাচীন বাংলার ধর্মীয় অবস্থা রহিমের দেশটি থেকে অনেক বেশি বৈচিত্র্যময়? উত্তরের সপক্ষে তোমার যুক্তি উপস্থাপন করো। ৪

৩.▶ রহমান ইতিহাসে এম. এ পাস করে বিসিএস দিয়ে সরকারি চাকরিতে যোগ দেন। ২০ বছর বিভিন্ন বিভাগে কাজ করে বর্তমানে রাজস্ব বিভাগের প্রধান হিসেবে নিযুক্তি পান। তিনি সরকারের আয় বৃদ্ধির জন্য ইতিহাসের একজন সুবাদার বা নিজামের পদাঙ্ক অনুসরণ করেন। এছাড়াও বিশেষ বিশেষ স্থানে সরকারি লোক নিয়োগ করে রাজস্ব সংগ্রহের বুথ তৈরি করেন। এতে সরকারি রাজস্ব একদিকে যেমন বাড়তে থাকে অন্যদিকে জনগণের হয়রানি কমে যায়।

ক. সম্রাট আকবরের কোন পুত্র 'জাহাঙ্গীর' নাম ধারণ করে? ১

খ. ঢাকা ছিল শায়েস্তা খানের নগরী— ব্যাখ্যা করো। ২

গ. রাজস্ব আদায় করার জন্য রহমান সাহেব কোন সুবাদারের নীতি গ্রহণ করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সুবাদার সাহসিকতার সাথে বাংলার রাজনৈতিক ও অর্থনৈতিক ইতিহাসের গতি পরিবর্তিত করেছিল— বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৪.▶ রূপগঞ্জ অঞ্চলে দরিদ্র কৃষকদের জীবনধারা সচ্ছল ছিল না। বিভিন্ন সিগারেট কোম্পানির লোকজন তাদের এই অসচ্ছল জীবনধারার সুযোগ নিয়ে তাদেরকে চড়া সুদে অর্থ প্রদান করে অসম চুক্তির মাধ্যমে তামাক চাষে আগ্রহী করে তোলে। কৃষকদের প্রাপ্ত মূল্য উৎপাদন খরচের তুলনায় কম হওয়ায় তামাক চাষীরা কোম্পানির রাহুগ্রাস থেকে বের হতে না পেরে প্রতিবাদী হয়ে ওঠে। উপরন্ত টেলিভিশনে তামাকের স্বাস্থ্যঝুকির কথা জেনে ঐ অঞ্চলের তামাক চাষীরা করিম ও রহিমের নেতৃত্বে ঐক্যবন্ধ হয় এবং কোম্পানির এ ধরনের কর্মকাণ্ডের প্রতিবাদ জানায়।

ক. ভারতের প্রথম আধুনিক পুরুষ বলা হয় কাকে? ১

খ. ফরায়েজি আন্দোলনের মূল উদ্দেশ্য কী ছিল? ২

গ. উদ্দীপকে সংশ্লিষ্ট তথ্যগুলো তোমার পাঠ্যপুস্তকে পঠিত কোন ঘটনার কথা স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঘটনাটি কৃষকদের স্বার্থ রক্ষায় কতটুকু যুক্তিযুক্ত ছিল বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৫.▶ টেলিভিশনে লোকজ গানের অনুষ্ঠান হচ্ছিল। মিথিলা বেশ আগ্রহ নিয়ে অনুষ্ঠানটি দেখছিল। কিন্তু তার ছোট ভাই মিঠুন কেবলই চ্যানেল পরিবর্তন করে ইংরেজি কার্টুন দেখতে চেষ্টা করছিল। মিঠুনের মতে, ঐসব গানের শ্রোতা হচ্ছে গ্রামের লোক। তার বোনের এসব গানপ্রীতি বেমানান লাগে।

ক. ২১ দফার প্রথম দফা কী? ১

খ. ভাষা আন্দোলনের রাজনৈতিক গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. মিথিলার মানসিকতার দ্বারা ভাষা আন্দোলনের চিত্র ফুটে উঠে — ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বর্তমানে বাংলা ভাষা তার গৌরব হারাতে বসেছে' — মিঠুনের কাজ দ্বারা একথা কীভাবে প্রমাণিত হয়? ব্যাখ্যা করো। ৪

৬.▶ 'ক' দেশের 'A' ও 'B' দুটি প্রদেশ। দেশটির সাথে প্রতিবেশী একটি দেশের যুদ্ধ বাঁধে। যুদ্ধে প্রতিবেশী সৈন্যরা 'A' অংশের দিকে অগ্রসর হলে 'B' প্রদেশের সৈন্যরা সাহসিকতার সাথে লড়াই করে দেশ রক্ষা করে। কিন্তু 'B' প্রদেশ থেকে যায় সম্পূর্ণ অরক্ষিত। ফলে 'B' অংশের জনগণের মধ্যে সরকার বিরোধী চেতনা জাগ্রত হয়।

ক. ১৯৬৫ সালের প্রেসিডেন্ট নির্বাচনে বিরোধী দলের প্রার্থী কে ছিলেন? ১

খ. ১৯৬৫ সালের নির্বাচনে আইয়ুব খান কিভাবে নির্বাচিত হন? ২

গ. উদ্দীপকে পাকিস্তান আমলের কোন যুদ্ধের বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপকে বর্ণিত দেশটির দুই অংশের সর্বক্ষেত্রে বৈষম্য ছিল— বিশ্লেষণ করো। ৪

৭.▶ আজ বাংলাদেশের ইতিহাসের একটি উল্লেখযোগ্য দিন। ৭১ এর এই দিনে রেসকোর্স ময়দানে এক অসাধারণ কবিতার সৃষ্টি হয়েছিল। সে কবিতা শোনার জন্য কারখানা থেকে এসেছিল শ্রমিক। এসেছিল কৃষক, এসেছিল প্রদীপ্ত যুবক। নারী, বৃদ্ধ। ভবঘুরে, পাতা কুড়ানিরা দলবেধে। অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়িয়ে শোনালেন তার অমর কবিতাখানি "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" এই কবিতার পটভূমি, গুরুত্ব অনেক বেশি। দেশপ্রেমী বাঙালিকে স্বাধীনতা সংগ্রামে উজ্জীবিত করেছিল।

ক. বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয় কত তারিখে? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা কেমন ছিল? ২

গ. উদ্দীপকে কোন বিষয়টির ইঙ্গিত দেওয়া হয়েছিল? পাঠ্যবইয়ের আলোকে উক্ত বিষয়টি ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বিষয়টি দেশপ্রেমী বাঙালিকে স্বাধীনতা সংগ্রামে উজ্জীবিত করেছিল। এ বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৮.▶ কেয়া টেলিভিশনে মুক্তিযুদ্ধের উপর একটি সিনেমা দেখছিল। সিনেমার কাহিনীতে দেখা যায়, একটি দেশের যুদ্ধের সময় সে দেশের কবি, সাহিত্যিকগণ কবিতা, নাটক, গান ইত্যাদি রচনা করে নিজ যোদ্ধাদের সাহস যোগাচ্ছেন।

ক. মুজিবনগর সরকারের উপ-রাষ্ট্রপতি কে ছিলেন? ১

খ. আমাদের স্বাধীনতা যুদ্ধে প্রবাসী বাঙালিদের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. কেয়ার দেখা সিনেমার ঘটনাগুলো আমাদের স্বাধীনতা যুদ্ধের ক্ষেত্রে কতটুকু সত্য? বর্ণনা করো। ৩

ঘ. তুমি কী মনে কর, আমাদের স্বাধীনতা যুদ্ধ এরূপ আরও অনেক শ্রেণির মানুষের ভূমিকার সম্মিলিত ফসল? বিশ্লেষণ করো। ৪

৯.▶ বিশ্বসভ্যতার ইতিহাসে প্রাচীনতম এক সভ্যতায় একটি নাট্যশালার সন্ধান পাওয়া যায়। সেখানে ৫৬০০ দর্শক বসে নাটক দেখতে পারে। এই সভ্যতার সর্বশ্রেষ্ঠ এবং গুরুত্বপূর্ণ অবদান ছিল আইন। আধুনিক বিশ্বও সম্পূর্ণভাবে উক্ত প্রাচীন সভ্যতার আইনের উপর নির্ভরশীল।

ক. গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার কে ছিলেন? ১

খ. সাহিত্যে গ্রিক সভ্যতার অবদান উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে কোন সভ্যতার ইঙ্গিত রয়েছে? উক্ত সভ্যতার স্থাপত্য, ভাস্কর্য ও বিজ্ঞান সম্পর্কে ব্যাখ্যা করো। ৩

ঘ. আইনের ক্ষেত্রে উক্ত সভ্যতার অবদান কতটুকু? বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ১৫৩

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'ইতিহাস' শব্দটির উৎপত্তি হয়েছে কোন শব্দ থেকে?
ক ইতি খ ইতিহ গ আস ঘ ঐতিহ্য

২. সিলেট জেলার ইতিহাস সম্পর্কে জানতে চাইলে অয়নকে কোন ধরনের ইতিহাস সম্পর্কে জানতে হবে?
ক আঞ্চলিক ইতিহাস
খ জাতীয় ইতিহাস
গ সাংস্কৃতিক ইতিহাস
ঘ রাজনৈতিক ইতিহাস

৩. Historia/History শব্দের সাথে নিবিড় সম্পর্ক রয়েছে—
i. হেরোডোটাসের
ii. আলেকজান্ডারের
iii. ইবনে খালদুনের
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
অধ্যাপক মুনতাসীর মামুন বলেন, বিভিন্ন পর্যায়ে ইতিহাস শিক্ষা বাধ্যতামূলক করতে হবে। দেশের ইতিহাস বাঁচিয়ে রাখতে ইতিহাস শিক্ষাকে জনপ্রিয় করে তুলতে হবে। ইতিহাস না জানলে একটি জাতি মানসিকভাবে দুর্বল হয়ে পড়ে।

৪. অধ্যাপক মুনতাসীর মামুনের বক্তব্যে কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে?
ক ইতিহাসের উপাদান
খ ইতিহাসের বৈশিষ্ট্য
গ ইতিহাসের প্রকারভেদ
ঘ ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা

৫. স্যারের বক্তব্যটি বাস্তবায়ন করতে পারলে আমরা হয়ে উঠব—
i. দেশপ্রেমী ii. আত্মপ্রত্যয়ী
iii. আত্মবিশ্বাসী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. মিশরের পূর্ব নাম কি?
ক ইজিপ্ট খ মেসোপটেমিয়া
গ পারস্য ঘ পিরামিড

৭. মিশরীয়দের ইতিহাসের শ্রেষ্ঠ নির্মাতা বলা হয় কেন?
ক জাহাজ নির্মাণের জন্য
খ বড় বড় অট্টালিকা নির্মাণের জন্য
গ স্থাপত্য নির্মাণের জন্য
ঘ রাজ প্রাসাদ নির্মাণের জন্য

৮. প্রাচীনকালে বাংলার ছোট ছোট অঞ্চলগুলোকে সমষ্টিগতভাবে কী নাম দেওয়া হয়?
ক বঙ্গ খ বাঙ্গালা
গ জনপদ ঘ প্রদেশ

৯. সফিক বাংলার প্রাচীন জনপদ সম্পর্কে জানতে পারল যে, একটি জাতি তাদের নিজেদের নামে একটি জনপদ গড়ে তোলে। এখানে কোন জনপদের কথা বলা হয়েছে?
ক বঙ্গ খ হরিকেল
গ গৌড় ঘ সমতট

১০. বাংলার জনপদের অন্তর্ভুক্ত—
i. দণ্ডভুক্তি ii. উত্তর রাঢ়
iii. দক্ষিণ রাঢ়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. মৌর্যদের প্রাদেশিক রাজধানী ছিল কোনটি?
ক কর্ণসুবর্ণ খ গৌড়
গ বঙ্গ ঘ পুন্ড্রনগর

১২. 'রামচরিত' থেকে কোন শাসক সম্পর্কে জানা যায়?
ক ধর্মপাল খ রামপাল
গ দেবপাল ঘ মহীপাল

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
পাল আমলের শেষের দিকে উত্তরবঙ্গের একটি অঞ্চলের সামন্তবর্গ প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করেন।

১৩. অনুচ্ছেদে কোন বিদ্রোহের কথা বলা হয়েছে?
ক সিপাহী বিদ্রোহ খ কৃষক বিদ্রোহ
গ ফকির বিদ্রোহ ঘ কৈবর্ত বিদ্রোহ

১৪. উক্ত বিদ্রোহের ফলে—
i. পাল রাজা মারা যান
ii. বরেন্দ্র অঞ্চল পালদের হাতছাড়া হয়
iii. পাল রাজত্ব সংকুচিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. প্রাচীন সমাজে সর্বশ্রেষ্ঠ মর্যাদা লাভ করতেন কারা?
ক ব্রাহ্মণরা খ ক্ষত্রিয়রা
গ বৈশ্যরা ঘ শূদ্ররা

১৬. বাংলায় জাতিভেদ প্রথা চালু হওয়ার কারণ কী?
ক বাংলায় দ্রাবিড়দের দীর্ঘকাল বসবাস
খ বাংলায় কুষানদের দীর্ঘকাল বসবাস
গ বাংলায় নিষাদদের দীর্ঘকাল বসবাস
ঘ বাংলায় আর্যদের দীর্ঘকাল বসবাস

১৭. গৌড়ের নাম 'জান্নাতাবাদ' কে রাখেন?
ক শেরশাহ খ হুমায়ুন
গ জাহাঙ্গীর ঘ আকবর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
হেনার দাদা এক উদারচেতা পরমসহিষ্ণু রাজার গল্প বলছিল। ক্ষমতায় বসে এই রাজা ক্রীতদাসদের বিভিন্ন পদে চাকরি দেন। এই শাসক গোঁড়া সুন্নি মুসলমান হওয়া সত্ত্বেও অনেক হিন্দুকে তার রাজদরবারে চাকরি দেন এবং অনেক হিন্দু কবিদের পৃষ্ঠপোষকতা করেন।

১৮. হেনার দাদার গল্পের রাজার সাথে তোমার পঠিত মধ্য যুগের কোন নরপতির সাদৃশ্য লক্ষণীয়?
ক গিয়াস উদ্দীন আজম শাহ
খ সিকান্দার শাহ
গ জালাল উদ্দীন মাহমুদ শাহ
ঘ রুকনউদ্দিন বরবক শাহ

১৯. উক্ত শাসকের উদার মানসিকতার ফলে—
i. রাজ্যে বিশৃঙ্খলা দেখা দেয়
ii. রাজ্যে বিপদ নেমে আসে
iii. রাজ্যে শান্তি প্রতিষ্ঠা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

২০. 'তবকাত-ই-নাসিরী' গ্রন্থটি কে রচনা করেন?
ক ঐতিহাসিক মিনহাজ-উস-সিরাজ
খ ঐতিহাসিক ফন র‍্যাংকে
গ ঐতিহাসিক আবুল ফজল
ঘ ঐতিহাসিক নাসির উদ্দীন

২১. মধ্যযুগে বাংলার হিন্দু সমাজে কতিপয় নারী কীভাবে নিজেদের স্বাধীন সত্তাকে বিকশিত করেছিল?
ক স্বামীর সেবা করে
খ স্বামীর বিরুদ্ধে বিদ্রোহ করে
গ স্বামীকে ত্যাগ করে
ঘ নিজ যোগ্যতা ও প্রতিভা বলে

২২. ভাস্কো-দা গামা কে ছিলেন?
ক পর্তুগিজ নাবিক খ ইংরেজ নাবিক
গ ফরাসি নাবিক ঘ কোনটি নয়

২৩. পলাশীর যুদ্ধে নবাবের পতনের অন্যতম কারণ ছিল কোনটি?
ক নবাবের সেনাবাহিনীর দুর্বলতা
খ নবাবের বিচক্ষণতার অভাব
গ নবাবের প্রয়োজনীয় অস্ত্রের অভাব
ঘ নবাবের প্রয়োজনীয় অর্থের অভাব

২৪. তিতুমীরের বিরুদ্ধে ইংরেজ বাহিনীর নেতৃত্ব দেন কে?
ক মেজর স্কট খ মেজর এন্ড্রি
গ মেজর এডামস ঘ মেজর মনরো

২৫. ফকির-সন্ন্যাসীরা কীভাবে ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ করতো?
ক সরাসরি খ বোমা নিক্ষেপের দ্বারা
গ গেরিলা পদ্ধতিতে ঘ দলগতভাবে

২৬. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনন্য অবদান হচ্ছে—
i. সতীদাহ প্রথা রোধ
ii. বিধবা বিবাহ প্রচলন
iii. অর্থনৈতিক পুনর্গঠন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
সচেতন ও ধর্মীয় সুশিক্ষিত লোকের অভাবে রসুলপুর গ্রামের লোকজন নানারকম কুসংস্কার ও অনৈসলামিক রীতিনীতিতে অভ্যস্ত হয়ে পড়ে। কুসংস্কারাচ্ছন্ন এ অঞ্চলের মানুষদের সঠিক পথের সন্ধান দিতে এগিয়ে আসেন আব্দুল্লাহ নামক একজন সচেতন ব্যক্তি।

২৭. কোন ব্যক্তির জীবনের শিক্ষা কাজে লাগিয়ে আব্দুল্লাহ কুসংস্কারমুক্ত সমাজ গঠনে এগিয়ে আসেন?
ক হাজী শরীয়তউল্লাহ খ দুদু মিয়া
গ তিতুমীর ঘ গোলাম মাসুম

২৮. উক্ত ব্যক্তির আন্দোলনের ধরণ ছিল—
i. সামাজিক ii. ধর্মীয়
iii. রাজনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৯. কলকাতায় কত খ্রিষ্টাব্দে হিন্দু মুসলিম দাঙ্গা শুরু হয়?
ক ১৯২৫ খ ১৯২৬ গ ১৯২৭ ঘ ১৯২৮

৩০. রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ কেন গঠন করা হয়?
ক ভাষা আন্দোলনকে স্থগিত করতে
খ ভাষা আন্দোলনকে রাজনৈতিক রূপ দিতে
গ ভাষা আন্দোলনকে ধ্বংস করতে
ঘ ভাষা আন্দোলকে স্তিমিত করতে

৩১. কত খ্রিষ্টাব্দে যুক্তফ্রন্ট গঠিত হয়েছিল?
ক ১৯৪৭ খ্রিষ্টাব্দে খ ১৯৪৮ খ্রিষ্টাব্দে
গ ১৯৫২ খ্রিষ্টাব্দে ঘ ১৯৫৪ খ্রিষ্টাব্দে

৩২. ১৯৬২ খ্রিষ্টাব্দের ছাত্র আন্দোলন কী নামে পরিচিত?
ক বাষট্টির শিক্ষা আন্দোলন
খ বাষট্টির গণতন্ত্র আন্দোলন
গ বাষট্টির গণ আন্দোলন
ঘ বাষট্টির সামরিক আন্দোলন

৩৩. মৌলিক গণতন্ত্রের স্তরবিন্যাসে কোনটি সঠিক?
ক থানা → জেলা → বিভাগ → গ্রাম
খ গ্রাম → জেলা → বিভাগ → থানা
গ গ্রাম → থানা → জেলা → বিভাগ
ঘ বিভাগ → গ্রাম → থানা → জেলা

৩৪. বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণাটি ইংরেজিতে দেন কেন?
ক যাতে দেশের মানুষ বুঝতে পারে
খ যাতে পাকিস্তানের মানুষ বুঝতে পারে
গ যাতে বিশ্ববাসী বুঝতে পারে
ঘ যাতে সাধারণ মানুষ বুঝতে পারে

৩৫. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
ক এম মনসুর আলী
খ খন্দকার মোশতাক আহমদ
গ সৈয়দ নজরুল ইসলাম
ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩৬. 'অপারেশন সার্চ লাইট' এর লক্ষ্য ছিল—
i. ঢাকা বিশ্ববিদ্যালয়
ii. ছাত্র সমাজ
iii. শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. বাঙালি জাতীয়তাবাদের মূলভিত্তি কী?
ক সাম্প্রদায়িক চেতনা
খ অসাম্প্রদায়িক চেতনা
গ ভাষাকেন্দ্রিক চেতনা
ঘ সাংস্কৃতিক চেতনা

৩৮. এরশাদ কী নামে ছাত্র সংগঠন তৈরি করেন?
ক নতুন বাংলা ছাত্রসমাজ
খ বাংলাদেশ ছাত্রসমাজ
গ জাতীয় পার্টি ছাত্রদল
ঘ সমাজবাদী ছাত্রদল

৩৯. কী কারণে রাষ্ট্রপতি আবদুস সাত্তারকে ক্ষমতা থেকে সরিয়ে দেওয়া হয়?
ক দেশে অস্থিতিশীলতা ও অস্থিরতা বিরাজ করায়
খ রাষ্ট্রপতির পদ বিতর্কিত করার অভিযোগে
গ তাঁর মেয়াদ শেষ হওয়ায়
ঘ দেশে অস্থিতিশীলতা ও অস্থিরতার অজুহাতে

৪০. ১৯৭৮ খ্রিষ্টাব্দের রাষ্ট্রপতি নির্বাচনে জাতীয়তাবাদী ফ্রন্টকে সমর্থন করেন—
i. জামায়াতে ইসলামী
ii. মুসলীম লীগ
iii. সাম্যবাদী দল (তোয়াহা)
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | খ |

http://teachingbd.com